

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা।

এফই সার্কুলার নং -১৭

আশ্বিন ২০, ১৪২২
তারিখঃ -----
অক্টোবর ০৫, ২০১৫

বৈদেশিক মুদ্রায় লেনদেনের
সকল অনুমোদিত ডিলার।

প্রিয় মহোদয়গণ,

চামড়া ও চামড়া জাতীয় পণ্য রপ্তানিতে ঋণপত্রের পাশাপাশি অগ্রিম টিটি
পদ্ধতিতে প্রাপ্ত রপ্তানি আয়ের বিপরীতে নগদ সহায়তা প্রদান প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে জারিকৃত এফই সার্কুলার নং ০৫, তারিখ ০৪/০৫/২০১১ এর প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, উক্ত সার্কুলারের 'ক' অনুচ্ছেদে উল্লিখিত অগ্রিম টিটি পদ্ধতিতে চামড়া ও চামড়া জাতীয় পণ্য রপ্তানির বিপরীতে নগদ সহায়তা পরিশোধের ক্ষেত্রে লেদারগুডস এন্ড ফুটওয়্যার ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন অব বাংলাদেশ (এলএফএমইএবি)ও প্রত্যয়ন সনদ ইস্যু করতে পারবে। এতদপ্রেক্ষিতে 'ক' অনুচ্ছেদে বর্ণিত নির্দেশনা নিম্নরূপে প্রতিস্থাপিত হবে :

“(ক) টিটি’র মাধ্যমে অগ্রিম মূল্য পরিশোধের শর্তটি রপ্তানি ঋণপত্র/ চুক্তিপত্রে সুনির্দিষ্টভাবে উল্লেখ করতে হবে। টিটি’র মাধ্যমে অগ্রিম মূল্য প্রাপ্তির ক্ষেত্রে সংশ্লিষ্ট রপ্তানি পণ্যের সঠিক মূল্য ও পরিমাণ এবং বিদেশী ক্রেতার যথার্থতা/বিশ্বাসযোগ্যতা সম্পর্কে রপ্তানি উন্নয়ন ব্যুরো/ বাংলাদেশ ফিনিশড লেদার, লেদারগুডস এন্ড ফুটওয়্যার এক্সপোর্টার্স এসোসিয়েশন (বিএফএলএলএফইএ)/ বাংলাদেশ ট্যানার্স এসোসিয়েশন (বিটিএ)/ লেদারগুডস এন্ড ফুটওয়্যার ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন অব বাংলাদেশ (এলএফএমইএবি) কর্তৃক ইস্যুকৃত প্রত্যয়ন সনদ দ্বারা সমর্থিত হতে হবে।”

সংশ্লিষ্ট সকল পক্ষকে এতদমর্মে অবহিত করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

আপনাদের বিশ্বস্ত,


(মোঃ জাকির হোসেন চৌধুরী)

উপ মহাব্যবস্থাপক

ফোন : ৯৫৩০২৫০